# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ৩০ জানুয়ারী, ২০২২ খ্রিঃ
সময় : বেলা-১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানান। প্রথমেই তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় বর্তমান বোরো মৌসুমের ধান লাগানোর লক্ষ্যমাত্রা ১১,১৫৫ হেক্টর, যার মধ্যে ৩৭০০ হেক্টর জমিতে বোরো ধান রোপন করা হয়েছে বাকি জমিতে ধান রোপনের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। তিনি আরও জানান যে, বর্তমান বোরো মৌসুমে যাতে সার সংকট সৃষ্টি না হয় সেজন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আলু রোপন করা হয়েছে ৬৬৬০ হেক্টর জমিতে, তার মধ্যে ৪১৫৫ হেক্টর জমির আলু উঠানো হয়েছে। পেঁয়াজ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৯০ হেক্টর জমিতে পেয়াজের চারা রোপন করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | মাঠ পর্যায়ের প্রান্তিক কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার স্কুলগামী ছাত্র/ছাত্রীদের কোভিড-১৯ এর টিকাদান কর্মসূচী অব্যহত আছে। এ পর্যায়ে বিভিন্ন এতিমখানা, মাদ্রাসা, প্রতিবন্ধি স্কুলগামী ছাত্র/ছাত্রীদের জন্মনিবন্ধন সনদের মাধ্যমে টিকা প্রদানের কাজ শুরু করা হবে। তিনি আরও জানান যে, ওয়ার্ড/ব্লক এবং কমিউনিটি পর্যায়ে কোভিড-১৯ ২য় ডোজের টিকা কার্যক্রম চলমান রয়েছে। ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের ফাইজার টিকা প্রদান কাজ চলছে। এখন পর্যন্ত প্রায় ২২,০০০ জনের অধিক শিক্ষার্থীকে টীকা প্রদান করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ করোনা টিকা গ্রহণে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি বাস্তবায়নের জন্য জানুয়ারী মাসে প্রতি ইউনিয়নের চেয়ারম্যান বরাবরে পত্র দেয়া হয়েছে। অদ্যাবধী ০৯টি ইউনিয়নের মধ্যে ০২টি ইউনিয়ন হতে প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে। বাকী ০৭টি ইউনিয়নসহ উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান মহোদয়ের প্রকল্প প্রস্তাব পেলে অতিসত্বর বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হবে। তিনি আরও জানান যে, অত্র উপজেলায় এলজিইডি এর বাস্তবায়িত গ্রামীণ রাস্তাগুলোতে অধিক লোডের বালুবাহী ট্রাক চলাচল অব্যাহত থাকার ফলে বারবার রাস্তা মেরামত ও সংস্কার করার পরও জনগুরুত্বপূর্ন এসব রাস্তা ক্ষতিগ্রস্থ হচ্ছে। তিনি আরও জানান যে, *গাড়াগ্রাম ডিসির মোড় হতে নিলু দেওয়ানীর বাড়ী ভায়া হাজী পাড়া পর্যন্ত সড়ক নির্মান আইডি নং(১৭৩৪৫৪০৬৯)। *টেপার হাট হতে ডিসির মোড় পাকা রাস্তা হতে পাহাড়ীর পুল ভায়া মিজানুর সেক্রেটারীর বাড়ী পর্যন্ত সড়ক উন্নয়ন আইডি নং (১৭৩৪৫৫১৬৯) রাস্তা দুটি করা প্রয়োজন। বালুবাহী ট্রাক চলাচল জরুরীভিত্তিতে বন্ধ করা প্রয়োজন বলে সভায় অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটি বাস্তবায়ন আর এফ কিউ পদ্ধতিতে করা হবে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প বিধি মোতাবেক গ্রহণ করা হবে। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) মোতাবেক উঠান বৈঠক, কৃত্রিম প্রজনন, খামারী প্রশিক্ষণ ঘাস উৎপাদন, গবাদিপশু-পাখির চিকিৎসা কাজ চলমান রয়েছে। গবাদিপশু-পাখির চিকিৎসা ও সেবার পাশাপাশি অত্র দপ্তরের টিকা প্রদান ও ভ্যাকসিনেশন প্রোগ্রাম চলমান আছে। বর্তমানে এপিএ লক্ষ্যমাত্রার আওতায় কৃত্রিম প্রজনন সম্প্রসারণ, গবাদিপশু হাঁসমুরগীর টিকা প্রদান, নমুনা সংগ্রহ, উঠান বৈঠক, ডিজিজ সার্ভিলেন্স, ফ্রি মেডিকেল ক্যাম্প, স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ বিশেষভাবে অর্জিত হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসের বাউন্ডারী ওয়াল সংস্কার/ মেরামতের বিষয়ে সংশ্লিস্ট বিভাগীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্র যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অবহিত করেন যে, রাজস্ব খাতের আওতায় ২০২১-২২ অর্থবছরে মৎস্যচাষী ও উদ্যোক্তা নির্বাচন সম্পন্ন করতে হবে। প্রদর্শনী স্থাপনের জন্য উপযুক্ত পুকুর নির্বাচন করতে হবে। আগামী মাসিক সমন্বয় সভার আগেই এসব কার্যক্রম শুরু করা হবে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | ৩ ব্যাচ প্রশিক্ষণের বিষয়টি নিয়ে আলোচনা করে প্রশিক্ষণের বিষয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরাধীন নিম্নোক্ত কর্মসূচীর আওতায় বিদ্যালয় পরিদর্শন-১৫টি, অনলাইন ক্লাস মনিটরিং ও নিশ্চিতকরণ *টিকা কার্যক্রমের আওতায় প্রায় ২৩৫০০জন, *অধিকাংশ শিক্ষক ও শিক্ষার্থীর অনলাইন ডিভাইজ নেই এবং অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে ডিভাইজ থাকলেও তা অচল অবস্থায় আছে এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ৩ ব্যাচ প্রশিক্ষণের বিষয়টি নিয়ে আলোচনা করে প্রশিক্ষণের বিষয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৬ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের টি আর কাবিখার কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। ইজিপিপি কর্মসূচীর বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন হতে ইজিপিপির সুবিধাভোগীর নির্বাচিতদের তালিকা পাওয়া গেছে যা অনুমোদনের অপেক্ষায় আছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, নিয়মিত ভাতাভোগী ১৭২০০ জন এর ২য় কিস্তির টাকা প্রেরণ করা হয়েছে। এবং শতভাগ ভাতাভোগী ৭৬৭০ জন এর ১ম ও ২য় কিস্তির টাকাও প্রেরণ করা হয়েছে। তিনি সভায় আরও জানান যে, প্রতিবন্ধি ভাতাভোগী ৪২৮৪ জন এর টিকাদান কার্যক্রম চলমান রয়েছে এবং ঋণদান কর্মসূচীও চালু আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিটি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে করোনাকালীন সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ আছে। তবে অনলাইন কাযক্রম চালু আছে। এছাড়া তার দপ্তরাধীন অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কাযক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(অঃদাঃ) সভায় জানান যে, আলোচ্য মাসে এ উপজেলা নিম্নোক্ত তথ্য সভায় উপস্থাপন করেন। খাবার বড়ি (সুখি) ১৫০৩৯ চক্র, (আপন) ৫৬৬ চক্র, কনডম-৫২৮১ (পিস),ইমপ্লান্টঃ ১৫৬ জন, ও আই ইউ ডি ৪৬ জনকে সেবা প্রদান করা হয়েছে। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ-০১জন, ও মহিলা-০৫ জন, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫৪৭৯৬জন, মোট পদ্ধতি গ্রহণকারী-৪৩৯১১ জন। গর্ভবতী মায়ের সেবা প্রদান করা হয়েছে-১৫৫৮ জনকে। নতুন গর্ভবতী ২৩৯জন, উপজেলায় মোট গর্ভবতীর সংখ্যা-১৭৯৭জন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | সরকারী টার্গেট মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান রয়েছে। জানুয়ারী/২০২২ মাসের ভিজিডি'র খাদ্য বিতরণ করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ২ শিফটে কার্যক্রম চলমান আছে। কিশোর কিশোরি ক্লাব কাযক্রম ২শিফটেই চলমান রয়েছে এবং অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট সকল |

চলমান পাতা-০৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্য মাসে জানুয়ারী/২০২২ মাসে ১২০ জন যুবক ও যুব নারীকে আত্মকর্মসংস্থানের নিমিত্তে গরু মোটাতাজাকরণ ও ছাগল পালন বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয়েছে। ঋণ বিতরণের নিমিত্তে জরিপ কাজ চলছে। যুবঋণ আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলার ০৯টি ইউনিয়নের অধিক সংখ্যক বেকার যুবক/যুবতীকে প্রশিক্ষনোত্তর আত্মকর্মসংস্থানের নিমিত্তে জরীক প্রক্রিয়াধীন। যুব সংগঠন ভিত্তিক কাযক্রম অব্যাহত আছে। নতুন নতুন যুব সংগঠনের কার্যক্রম গতিশীল করতে অধিদপ্তরের রেজিষ্ট্রেশন কার্যক্রম অব্যাহত আছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, মুজিববর্ষের ২৮টি অগভীর নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরে কোন টয়লেট নেই। ইতোমধ্যে টয়লেট নির্মান কাজ অনুমোদন করা হয়েছে কিন্তু অদ্যাবধি কোন কাযক্রম শুরু করা হয়নি। যার ফলে খুবই সমস্যার মধ্যেই অফিসের কাযক্রম পরিচালনা করে আসতে হচ্ছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হয় এবং নতুন বিল্ডিংএ ০২ দুটি রুম বরাদ্দ দেয়া যায় কি না সেটিও সভায় তুলে ধরা হয় এছাড়া তার দপ্তরাধীন অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পূন্ন হচ্ছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে ঋণ বিতরণ ২৩,২৮,০০০/= (তেইশ লক্ষ আঠাশ হাজার) টাকা ঋণ আদায় ২৪,২৯,০০০/- (চব্বিশ লক্ষ উনত্রিশ হাজার) টাকা। শেয়ার সঞ্চয় আদায় ১,০৯,০০০/- (এক লক্ষ নয় হাজার) টাকা । ০৫টি স্কিমে বাস্তবায়ন করা হয়েছে এবং ২১০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পূন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা প্রকৌশলী কিশোরগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় নিম্নেবর্ণিত টি উপ-প্রকল্পের নির্মাণ কাজ সংশ্লিষ্ট ঠিকাদারগণ সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত হয়েছে।<br>১। কিশোরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাসের নমুনা সংগ্রহের বুথ নির্মাণ।<br>ঠিকাদার বিলের জন্য আবেদন করেছেন। তাই বিল প্রদানের সিদ্ধান্ত গ্রহনের জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় উল্লেখিত কাজ টি সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত হওয়ায় ঠিকাদারকে বিল প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কিশোরগঞ্জকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

চলমান পাতা-০৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৬ | তথ্য আপা | উপজেলা তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় তথ্য কেন্দ্র, কিশোরগঞ্জ নীলফামারী সভায় জানান যে, চলতি মাসে ছয়টি উঠান বৈঠকের মধ্যে ২টি বৈঠক সুসম্পন্ন হয়েছে আর বাকি ৪টি এ মাসের শেষে অনুষ্ঠিত হবে। তার দপ্তরের সকল কাযক্রম সরকারী নীতিমালার আলোকে সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | উপজেলা তথ্য আপা প্রকল্প |
| ১৭ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি |
| ১৮ | সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র | ফরেস্টার, কিশোরগঞ্জ সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় জানান যে, অত্র উপজেলা ৩২টি অবৈধ করাত কল রয়েছে যার মধ্যে ৬টি লাইসেন্স এর আবেদন পাওয়া গেছে। বাকীগুলোর বিষয় ব্যবস্থা গ্রহণ করা জন্য সভায় প্রস্তাব করেন। | সরকারী নির্দেশনা বাস্তবায়নে অবৈধ করাতগুলোর বিষয়ে আইনী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র |
| ১৯ | পাট উন্নয়ন অধিদপ্তর | উপ-সহঃ পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন ফেব্রুয়ারী/২০২২ মাসে (৩×৫০)= ১৫০ জনকে তিন ব্যাচে পাট চাষীর প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। | সরকারী নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ কাযক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান হয়। | উপ-সহঃ পাট উন্নয়ন কর্মকর্তা কিশোরগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

30.1.22

( শাহ্ মোঃ আবুল কালাম বারী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২১-৬৭(৫০) তারিখঃ ৩০/০১ /২০২২খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা ........................................... কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান ........................................... (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।
১০। অফিস কপি।

৩০/০১/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।